

তাগুত কী এবং তাগুতকে অস্বীকার করার অর্থ কী ?

তাগুত শব্দের আভিধানিক অর্থ হলো:- সীমালঙ্ঘনকারী, পথভ্রষ্টকারী বা বাতিল উপাস্য ।

শরী'য়তের পরিভাষায়, একমাত্র আলাহ ﷻ ব্যতীত অন্য যা কিছু উপাসনা করা হয়, সে সবকে তাগুত বলা হয় ।

তাগুতকে অস্বীকার করার অর্থ হলোঃ- আলাহু ভিন্ন সকল উপাস্যকে বাতিল বলে দৃঢ়বিশ্বাস পোষণ করা, আর “আলাহু তা'আলাই হলেন একমাত্র সত্যিকার উপাস্য” এই বিশ্বাস অন্তরে দৃঢ়ভাবে পোষণ করা । সাথে সাথে সকল বাতিল উপাস্যের (যেমন:-মূর্তি, প্রতিমা, দেব-দেবী, জিন, মানুষ, গাছ, পাথর, আগুন, চন্দ্র, সূর্য, গ্রহ, নক্ষত্র ইত্যাদির) উপাসনা ও তাদের উপাসনাকারীদেরকে সম্পূর্ণরূপে বর্জন করে সে স-ব থেকে সম্পূর্ণরূপে মুক্ত ও নিরাপদ দূরে থাকা ।

কেননা আলাহু ﷻ ইরশাদ করেছেন:-

يَقُولُ تَوَرَّعْ لَاب كَسْتَسِرَا دَقْف لَلَاب نَمُؤِي وَتَوَعَّاطِلَاب رَفَكِي نَمَف . اهل ماصفن ال

অর্থঃ:-যে ব্যক্তি তাগুতদেরকে অস্বীকার করে এবং আলাহুতে বিশ্বাস স্থাপন করে, সে ধারণ করে নিয়েছে সুদৃঢ় হাতল যা ভাসবার নয় (ছুরা আল বাক্বারাহ্- ২৫৬)

অন্য আয়াতে আলাহু ﷻ ইরশাদ করেছেন:-

تَوَعَّاطِلَاب اوبن تَج او لَلاب اودب ع ا نَأ الوسر قَمَأ لِك يِف ا نث ع ب دَقْو

অর্থঃ:-আমি প্রত্যেক উম্মতের মধ্যেই রাখুল প্রেরণ করেছি এই মর্মে যে, তোমরা আলাহুর 'ইবাদত করো এবং তাগুত থেকে দূরে থাকো । (ছুরা আননাহুল- ৩৬)

যে ব্যক্তি আলাহু ব্যতীত যা কিছু উপাসনা করা হয়, সে সকল উপাস্যকে বাতিল বলে এবং আলাহুকে ﷻ একমাত্র সত্য ও সত্যিকার উপাস্য বলে বিশ্বাস পোষণ না করবে, বাতিল উপাস্যসমূহকে অস্বীকার না করবে এবং এসব বাতিল উপাস্যের উপাসনাকারীদের সাথে সকল প্রকার সম্পর্ক ছিন্ন না করবে, সে মুছলমান হতে পারবে না ।

মুছলমান হতে হলে অবশ্যই এই বিশ্বাস পোষণ করতে হবে যে, আলাহু তা'আলাই হলেন 'ইবাদত বা উপাসনার একমাত্র যোগ্য ও হক্বদার । তাগুত তথা জিন, দেব-দেবী, প্রতিমা এবং আলাহু ব্যতীত যে নিজেকে উপাস্য বলে দাবি করে কিংবা নিজের উপাসনা করার জন্য মানুষকে আহবান জানায়, অথবা নিজে উপাস্য হওয়া পছন্দ করে বা উপাস্য হওয়াতে সন্তুষ্টিবোধ করে, সেসব কিছুই হলো বাতিল উপাস্য এবং এগুলোর উপাসনা হলো বাতিল উপাসনা । তাই প্রত্যেকটি মানুষের জন্য এসব বাতিল উপাস্যকে অস্বীকার করা, তাদের উপাসনা থেকে সম্পূর্ণরূপে বিরত থাকা এবং যারা এসব বাতিল উপাস্যের উপাসনা করে তাদের থেকে দূরে থাকা অত্যাবশ্যিক ।

শরী'য়তের পরিভাষা অনুযায়ী মূর্তি, দেব-দেবী, গাছ, পাথর, জিন, আগুন, চন্দ্র, সূর্য ইত্যাদি যা কিছু উপাসনা করা হয় এগুলো যেমন তাগুত তথা বাতিল উপাস্য, তেমনি মানুষের মধ্যে যারা নিজেকে উপাস্য বলে দাবি করে কিংবা মানব জাতিকে নিজের 'ইবাদতের প্রতি আহবান জানায় অথবা নিজে উপাস্য হওয়া পছন্দ করে বা তাতে সন্তুষ্টিবোধ করে তারাও হলো তাগুত ।

তবে নবী-রাছুল (مُؤَلِّمِ السَّلَامِ ع), ঈমানদার নেককার ব্যক্তিবর্গ ও ফেরেশতা, যাদের উপাসনা অনেকে করে থাকে, তারা তাগুতের পর্যায়ভূক্ত নন । কেননা তারা কাউকে তাদের উপাসনা করার আহবান জানাননি, তারা নিজেকে উপাস্য বলে দাবি করেননি, নিজে উপাস্য হওয়াকে তারা মোটেও পছন্দ করেননি এবং তারা তাতে আদৌ সন্তুষ্টিবোধ করেননি ।

তারা বরং সবসময় মানবজাতিকে এক আলাহুর 'ইবাদতের প্রতি এবং অন্য সকল উপাস্যকে পরিহার ও বর্জন করার আহবান জানিয়েছেন । সুতরাং তাদের আদেশ ও আহবানকে উপেক্ষা ও লঙ্ঘন করে, তাদের অসন্তুষ্টি সত্ত্বেও কেউ যদি তাদের 'ইবাদত করে থাকে, তজ্জন্য তারা আলাহুর নিকট দায়ী হবেন না এবং তারা তাগুতের পর্যায়ভূক্ত বলে আদৌ গণ্য হবেন না ।